গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর
শাখা-১
জাতীয় ক্রীড়া পরিষদ ভবন, লেভেল-১৫, ৬২/৩, পুরানা
পল্টন, ঢাকা-১০০০।
www.ccie.gov.bd

নম্বর: ২৬.০৩.০০০০.০০০.০০১.৩৪.০০০৩.২৫.৩৫৫

তারিখ: ৫ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ
২০ জুলাই ২০২৫ খ্রিস্টাব্দ

প্রাপক:
ডিরেক্টর (গ্রুপ-১, টি কে গ্রুপ), টি.কে ফুড প্রোডাক্টস ডিস্টিবিউশন লি:, ১৩, কারওয়ান বাজার টি কে ভবন (৩য় তলা), তেজগাঁও, ঢাকা।

**বিষয়: ২০০ মে. টন সুগন্ধি চাল রপ্তানির অনুমতি।**

উপর্যুক্ত বিষয়ে বাণিজ্য মন্ত্রণালয়ের স্মারক নম্বর: ২৬.০০.০০০০.১০১.২৮.০০২.২৪-১৯৯, তারিখ: ০২ জুলাই ২০২৫ এর অনুমতিপত্র এবং প্রতিষ্ঠানের দাখিলকৃত আবেদনের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, রপ্তানি নীতি ২০২৪-২০২৭ এর **৫.৪ (ক) ধারা অনুসারে** নিম্নে বর্ণিত শর্তাবলি প্রতিপালন সাপেক্ষে **টি.কে ফুড প্রোডাক্টস ডিস্টিবিউশন** লিঃ এর অনুকূলে **২০০ (দুইশত)** মে. টন সুগন্ধি চাল রপ্তানির জন্য নির্দেশক্রমে অনুমতি প্রদান করা হলো।

**শর্তসমূহ:**
*(১) রপ্তানি নীতি ২০২৪-২০২৭ এর বিধি-বিধান অনুসরণ করতে হবে;*
*(২) এ রপ্তানি অনুমতির মেয়াদ আগামী **৩১ ডিসেম্বর ২০২৫** পর্যন্ত কার্যকর থাকবে;*
*(৩) শুল্ক কর্তৃপক্ষ রপ্তানিযোগ্য পণ্যের যথাযথ পরীক্ষা-নিরীক্ষা করবে;*
*(৪) প্রতিটি কনসাইনমেন্ট জাহাজীকরণ শেষে রপ্তানি সংক্রান্ত সকল কাগজপত্র রপ্তানি-২ শাখায় প্রেরণ করতে হবে;*
*(৫) পরবর্তী আবেদনের ক্ষেত্রে পূর্ববর্তী অনুমোদিত পরিমাণ হতে প্রকৃত রপ্তানির পরিমাণ সংক্রান্ত সকল তথ্য প্রমাণকসহ আবেদন দাখিল করতে হবে;*
*(৬) অনুমোদিত পরিমাণের চেয়ে বেশি রপ্তানি করা যাবে না;*
*(৭) সর্বনিম্ন রপ্তানিমূল্য **(FoB)** প্রতি কেজি **১.৬০** (এক দশমিক ছয় শূন্য) মার্কিন ডলার;*
*(৮) এ অনুমতি কোনভাবেই হস্তান্তরযোগ্য নয়, অনুমোদিত রপ্তানিকারক কোনক্রমেই নিজে রপ্তানি না করে Sub-Contract প্রদান করতে পারবেন না; এবং*
*(৯) সরকার প্রয়োজনে যে কোন সময় এ রপ্তানির অনুমতি বাতিলের ক্ষমতা সংরক্ষণ করে।*

**সকল সংযুক্তিসমূহ:**
(১) বাণিজ্য মন্ত্রণালয়ের পত্র ( পর্যায়-৩)

২০-০৭-২০২৫
মিলটন মিস্ত্রী
নির্বাহী কর্মকর্তা
eo2.ho@ccie.gov.bd

**নম্বর:** ২৬.০৩.০০০০.০০০.০০১.৩৪.০০০৩.২৫.৩৫৫/১ (৬)

তারিখ: ৫ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ
২০ জুলাই ২০২৫ খ্রিস্টাব্দ

**অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**
১। কমিশনার, কাস্টমস হাউস, ঢাকা/চট্টগ্রাম/বেনাপল/মোংলা/পানগাঁও।

২। কমিশনার, কাস্টমস, এক্সসাইজ ও ভ্যাট কমিশনারেটর, সিলেট/কুমিল্লা/রাজশাহী/রংপুর।
৩। উপকমিশনার/সহকারী কমিশনার (কাস্টমস), বাংলাবান্ধা, ভোমরা, সোনা মসজিদ, বুড়িমারী, হিলি, আখাউড়া, বিবিরবাজার, বেলুনিয়া, তামাবিল, জকিরগঞ্জ, শেওলা, সুতোরকান্দী, বিছানাকান্দি, জুড়ি, চাতলাপুর ও রৌমারী।
৪। নির্বাহী কর্মকর্তা, শাখা-৪, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর ( ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫। প্রধান নিয়ন্ত্রক (অঃ দাঃ) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর {প্রধান নিয়ন্ত্রক (অঃ দাঃ) মহোদয়ের সদয় অবগতির জন্য}।
৬। অফিস কপি, ।

২০-০৭-২০২৫
মিলটন মিস্ত্রী
নির্বাহী কর্মকর্তা